

মিরপুরে স্কুল মাঠে বস্ত্রমেলা স্থগিত করেছেন হাইকোর্ট

যুগান্তর রিপোর্ট

রাজধানীর মিরপুরের সেনপাড়া পর্বতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে ১৫ জুন থেকে শুরু হওয়া বস্ত্রমেলা তিন মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের প্রাথমিক গুনানি নিয়ে মঙ্গলবার বিচারপতি জিনাত আরা ও বিচারপতি জেএন দেব চৌধুরীর বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী মোকাররেমুস সাকলাইন ও তুষার কাতি রায়। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল রাশেদ জাহাঙ্গীর। তিনি সাংবাদিকদের জানান, স্কুল মাঠে মেলা বসানোর কোনো নিয়ম নেই। তাই আদালত মাঠে মেলা বসানোর ওপর স্থগিতাদেশ দিয়েছেন। রিটের বিবাদীরা হচ্ছেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, স্বরাষ্ট্র সচিব, ডিএমপি কমিশনার, মিরপুর জেনারেল ডিসিসহ সর্বমিলিট ১৩ জন। রিট আবেদনে এ সংক্রান্ত একটি জাতীয় দৈনিকের প্রতিবেদন যুক্ত করা হয়।

ওই প্রতিবেদনে বলা হয়, 'প্রাথমিক শিক্ষা অধিদফতরের আপত্তি উপেক্ষা করে রাজধানীর মিরপুর সেনপাড়া পর্বতা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আবারও বস্ত্রমেলার আয়োজন করা হয়েছে। ক্ষমতাসীন দলের স্থানীয় সংসদ সদস্য ইলিয়াস উদ্দিন মোল্লাহসহ দলীয় নেতাকর্মীরা মেলার আয়োজক।' এর আগে ২০১৪ সালের ডিসেম্বরে প্রাথমিক স্বেচ্ছাসেবী পরিষ্কার সময় বিজয় দিবস উপলক্ষে ওই মাঠেই বস্ত্রমেলার আয়োজন করা হয়। সেই মেলা চলে জানুয়ারির মাঝামাঝি পর্যন্ত। এরপর এপ্রিলে বাংলা নববর্ষ উপলক্ষে আবারও বস্ত্রমেলা বসানো হয় বিদ্যালয় মাঠে। ২০ মার্চ থেকে ২০ এপ্রিল পর্যন্ত চলে ওই মেলা। এরপর ১৫ জুন থেকে রমজান মাস সামনে রেখে মেলা শুরু হয়েছে এখানে। এবার মেলা চলবে ঈদুল ফিতরের আগের দিন পর্যন্ত। রমজান মাস উপলক্ষে তাঁত ও বস্ত্রমেলার উদ্বোধন করেন সংসদ সদস্য ইলিয়াস উদ্দিন মোল্লাহ।